

## ভর্তি পরীক্ষা : নামকরা বেসরকারী স্কুলেও প্রচণ্ড ভিড়

কলকাতা গনি জ্যোতি : অবুঝ শিশুদের কান্নাকাটি, হেঁচো আর চিংকারে মুখর কক্ষ। এটাই পরীক্ষার হল। ভর্তি পরীক্ষা। তীব্র প্রতিযোগিতার মাধ্যমে এখানে সাড়ে ৫শ' ছুঁদে ছাত্রছাত্রীর ভাগ্য নির্ধারিত হবে।

গতকাল শুক্রবার সকালে রাজধানীর উইলস লিটল ফ্লাওয়ার স্কুলে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকাল ছিল কেজি বাংলা মাধ্যম এবং ক্লাস ওয়ান বাংলা মাধ্যমের ভর্তি পরীক্ষা। এর আগে গত ৬ জানুয়ারী নার্সারী শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ভর্তি পরীক্ষার শুরুতে আগে একই শ্রেণি হওয়ার মুহূর্তের দৃশ্যটি

ছিল মনে রাখার মত। ভর্তি পরীক্ষার কান্নাকাটি, চিংকার এবং উদ্দিগ্ন অভিভাবকদের গভীর উৎকণ্ঠায় ছোট্ট ছোট্ট গুরুর স্কুল-প্রাঙ্গণ কোলাহলমুখর হয়ে ওঠে। অনেক শিশু ভয়ে পরীক্ষার হলই ঢোকেনি। কেউ আবার পরীক্ষা না দিয়েই হল থেকে কাদতে কাদতে বেরিয়ে আসে।

স্কুলের সহকারী প্রধান শিক্ষিকা জানান, তাদের নার্সারী শ্রেণীতে ১৮০ জন, কেজি শ্রেণীতে ৫০ জন এবং ক্লাস ওয়ানে ৫০ জন ছাত্রছাত্রী ভর্তি করা হবে। প্রতিটি ক্লাসেই লিটল সংখ্যার (৫-এর পূঃ দ্রঃ)

## ভর্তি পরীক্ষা : নামকরা বেসরকারী স্কুলেও প্রচণ্ড ভিড়

(প্রথম পৃষ্ঠার পর)

তুলনায় আবেদনপত্র জমা পড়ছে অনেক বেশী।

তিনি জানান, কেজি বাংলা মাধ্যমে দুশ' ক্লাস ওয়ান বাংলা মাধ্যমে সাড়ে তিনশ' এবং নার্সারীতে প্রায় ৬শ' ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষা দিয়েছে।

পরীক্ষার্থীদের অভিভাবকদের সঙ্গে আলাপ করে জানা গেছে, প্রায় সব ছাত্রছাত্রী বর্তমানে কোননা কোন স্কুলে পড়ছে। অপেক্ষাকৃত ভাল স্কুলে ভর্তি করার আশায় তারা বাচ্চাদের এখানে পরীক্ষা দেয়াচ্ছেন। কেউ কেউ আবার যোগাযোগের সুবিধার জন্য বাচ্চার স্কুল পরিবর্তনের চেষ্টায় ভর্তি পরীক্ষা দেয়াচ্ছেন।

পুরনো ঢাকার জিন্দাবাহার লেনের ব্যবসায়ী চৌধুরী আজিজুর রহিম লাভলু জানান, তার বাচ্চা বর্তমানে সেখানকার হলি মেরিছ টিউটোরিয়াল স্কুলে পড়ছে। কিন্তু তার ব্যবসা কেন্দ্র

যেহেতু আরামবাগ এলাকায়, কাজেই যাতায়াতের সুবিধার জন্য তিনি বাচ্চাকে উইলস লিটল ফ্লাওয়ারে কেজি শ্রেণীতে ভর্তি করতে চান। তাছাড়া, স্কুলের সুনামও তাকে আকৃষ্ট করেছে।

অনেক অভিভাবক জানান, তাদের ছেলেমেয়েরা একে একে ২/৩ টি স্কুলেও পরীক্ষা দিচ্ছে যাতে কোননা কোন ভাল স্কুলে ভর্তি হতে পারে।

ভর্তি পরীক্ষার জন্য রাজধানীর সরকারী স্কুলগুলির পাশাপাশি নামকরা বেসরকারী স্কুলগুলিতেও প্রচণ্ড ভিড় লক্ষ্য করা যাচ্ছে।

সরকারী স্কুলে ভর্তির দ্বিতীয় পর্যায়ে আজ শনিবার রাজধানীর ৮টি স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। স্কুলগুলি হচ্ছে গভঃ ল্যাবরেটরী স্কুল, মতিঝিল গভঃ হাইস্কুল, ধানমন্ডি গভঃ হাইস্কুল, ঢাকা কলেজিয়েট হাইস্কুল, কামরুন্নেসা গার্লস হাইস্কুল, ধানমন্ডি বয়েজ এ্যান্ড গার্লস হাইস্কুল, তেজগাঁও গার্লস হাইস্কুল এবং ধানমন্ডি গার্লস হাইস্কুল।